

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৫০

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِنِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ যদি কোন ব্যক্তিকে বিপদাপদের মাধ্যমে পরীক্ষা করা হয় অতঃপর এমন কিছু বলে যাতে আল্লাহ অসম্ভষ্ট
হন, তবে তাকে এই বিপদাপদের জন্য সাওয়াব দেওয়া হয় না

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ مَنْ صَرَحَ بِمَا لَا يُرْضِي اللَّهَ عِنْدَ مُصِيبَةٍ يُمْتَحَنُ بِهَا لَا يَكُونُ لَهُ عَلَيْهَا أَجْرٌ

আরবী

3150 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدِ الْقَيْسِيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: لَمَّا تُوُفِّي حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: لَمَّا تُوُفِّي الْنُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَاحَ أُسَامَةُ بْنُ زَيْدٍ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَاحَ أُسَامَةُ بْنُ زَيْدٍ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ طَا مَا لَيْسَ لِصَارِحٍ حظٌ , الْقَلْبُ يَحْزَنُ وَالْعَيْنُ تَدْمَعُ وَلَا نَقُولُ مَا يُغْضِبُ الرب)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3150 ا خلاصة حكم المحدث: حسن ـ ((الأحكام)) (ص 39).

বাংলা

৩১৫০. আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ছেলে যখন মারা যায়, তখন উসামাহ বিন যাইদ রাদিয়াল্লাহু আনহু চিৎকার করে ওঠেন। এটা দেখে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "এ আমাদের অন্তর্ভুক্ত নয়। চিৎকারকারীর জন্য সাওয়াবের কোন অংশ নেই। অন্তর ব্যথাতুর হয়, চক্ষু অশ্রু বিসর্জন দেয় তবে আমরা এমন কিছু বলি না, যা আমাদের প্রভুকে অসম্ভুষ্ট করে।"[1]

ফুটনোট

[1] হাকিম: ১/৩৮২।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আহকামুল জানাইয় ৩৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন